
# চট্টগ্রাম-১৪ আসনে বিজয়ী বিএনপির জসীম উদ্দীন আহমেদ



জসিম উদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে চট্টগ্রাম-১৪ (চন্দনাইশ ও সাতকানিয়া অংশ) আসনে বিএনপি মনোনীত জসীম উদ্দীন আহমেদ বেসরকারিভাবে জয়ী হয়েছেন। মোট ১০০টি কেন্দ্রের ভোট গণনায় তিনি পেয়েছেন ৭৫,৯৫২ ভোট। তার প্রধান প্রতিদ্বন্দ্বী ১১ দলীয় জোটের অধ্যাপক ওমর ফারুক ৭২,২৭৭ ভোটে ছিলেন।

আসনে মোট ভোটার সংখ্যা ৩,১৩,৫১৩। এর মধ্যে পুরুষ ভোটার ১,৬৫,৮৪৭, নারী ভোটার ১,৪৭,৬৬৫ এবং তৃতীয় লিঙ্গের ভোটার ১ জন।

এছাড়া আসনে প্রতিদ্বন্দ্বিতা করেন ইনসানিয়াত বিপ্লবের এইচএম ইলিয়াছ (আপেল), ইসলামী আন্দোলনের মোহাম্মদ আবদুল হামিদ (হাতপাখা), জাতীয় পার্টির মোহাম্মদ বাদশা মিয়া (লাঙ্গল), ইসলামী ফ্রন্টের মো. সোলাইমান (মোমবাতি), স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ মিজানুল হক চৌধুরী (ফুটবল) এবং শফিকুল ইসলাম রাহী (মোটর সাইকেল)।

LENS ASIA